১৬/১০/২০০৩

ভোরের কাগজ

তারিখ ...
পৃষ্ঠা ১২ কলাম ৩

## ঢা.বিতে উপাচার্যের বিরুদ্ধে ছাত্রদলের বিক্ষোভ

# সময় থাকতে পদত্যাগ করুন, না হলে পালানোর পথ পাবেন না

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** জাতীয়তাবাদী ছাত্রদল গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদত্যাগের দাবিতে রেজিস্ট্রার বিল্ডিংয়ের সামনে মল চত্বরে ব্যাপক বিক্ষোভ এবং সমাবেশের আয়োজন করে।

এদিকে ছাত্রদলের তীব্র গ্রুপিং-এ জর্জরিত জিয়া হলে গত মঙ্গলবার রাতে নাসিরউদ্দিন পিন্টু আসার পর গ্রুপিং এবং হলে সশস্ত্র বহিরাগতদের অবস্থান আপাত হ্রাস পেয়েছে। পিন্টু গতকাল জিয়া হলের আধিপত্য বিস্তারে সচেষ্ট আসাদ এবং বহিরাগতদের আশ্রয়দানকারী জাকিরকে নিজ গাড়িতে তুলে নিয়ে যান। এ সময় পিন্টু ঐ দু নেতার কাছে থাকা মোবাইলও হস্তগত করেন। পিন্টু এ সময় আসাদ এবং জাকিরকে অকথ্য ভাষায় গালিগালাজ করে হল থেকে চলে যাওয়ার পরপরই ছাত্রলীগ থেকে ছাত্রদলে যোগ দেওয়া রবিনকে আসাদ গ্রুপের কর্মীরা হল থেকে বের করে দেয়। গতকাল জিয়া হল প্রায় বহিরাগতমুক্ত ছিল।

ঐ একই রাতে জিয়া হলের ছাত্রদলের এক গ্রুপ মুরাদ নামের এক ছাত্রদল কর্মীকে হল থেকে বের করে দেয়। ক্যাম্পাসে বহিরাগতদের প্রশ্রয়দানকারী হিসেবে পরিচিত মামুনকে সে গত মঙ্গলবার রাতে হলে প্রবেশ করতে বাধা দেওয়ার অভিযোগে মুরাদকে হল থেকে বের করে দেওয়া হলো বলে হল সূত্রে জানা যায়।

মল চত্বরে অনুষ্ঠিত সমাবেশে ছাত্রদল নেতৃবৃন্দ উপাচার্যকে উদ্দেশ্য করে বলেন, এখনো সময় আছে মান সম্মানের সঙ্গে পদত্যাগ করুন, নইলে ছাত্রদল সাধারণ ছাত্রদের নিয়ে টেনেহিঁচড়ে উপাচার্যের চেয়ার থেকে আপনাকে নামাবে। তখন পালানোর পথ পাবেন না। মনির হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন এ বি এম মোশাররফ হোসেন, মোস্তাফিজুল ইসলাম মামুন প্রমুখ।